# পাঠ-মুল্যায়ন-২০২০

## শ্রেণি : দশম

### বিষয় : হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা

**সময় : ৩ ঘন্টা** **পূর্ণমান : ১০০**

**(সৃজনশীল অংশ: ৭×১০=৭০)**

১। ঊনবিংশ শতকে হিন্দুধর্মে এক বিশেষ চিন্তা-চেতনার বিকাশ লক্ষ্য করা যায়। বিজ্ঞান মনস্ক সুধীজন সনাতন তথা হিন্দুধর্মের প্রচলিত পূজা-পার্বণ, ধ্যান-ধারণা নিয়ে চিন্তা- ভাবনা শুরু করে। স্বামী বিবেকানন্দ ছিলেন হিন্দুধর্মের আধুনিক চিন্তা চেতনার একজন ধারক ও বাহক ।

(ক) বৈদিক ধর্মগ্রন্থসমূহের কয়টি ভাগ রয়েছে? ১

(খ) ব্রক্ষ্মচর্য আশ্রম সম্পর্কে যা জান লেখ। ২

(গ) উদ্দীপকে হিন্দুধর্মের কোন যুগের ইঙ্গিত দেওয়া হয়েছে? ৩

(ঘ)উদ্দীপকের শেষ উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

২। ধার্মিক প্রকাশ মল্লিক অত্যাচারী সমীরকে ধর্মকথা শুনাতে গিয়ে বললেন, গৌর-নিতাই দুজনে নবদ্বীপে প্রেমভক্তি প্রচার করেছিলেন। নেচে গেয়ে তারা হরিণাম বিলাতেন। তাদের প্রেমধর্মে কোনো জাতিভেদ নেই। উঁচু-নিচু নেই। প্রেমভক্তি দিয়েই গৌর-নিতাই সমাজের সবাইকে কাছে টেনে আনেন। ফলে দলে দলে লোক তাদের অনুসারী হয়েছিল।

ক) নিত্যানন্দের প্রকৃত নাম কী ছিল? ১

খ) নিত্যানন্দের বাল্যজীবন কেমন ছিল? ২

গ) গৌর-নিতাই কীভাবে প্রেমভক্তি দিয়ে সমাজের সব জাতিকে কাছে টেনে আনেন? উদ্দীপকের প্রকাশ মল্লিকের বক্তব্য অনুসারে ব্যাখ্যা কর। ৩

ঘ) দলে দলে লোক তাদের অনুসারী হয়েছিল তুমি কি এ বক্তব্যের সাথে একমত ? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩। বিদ্যালয়ের হিন্দুধর্ম শিক্ষক রামানন্দ আচার্য্য অবতার সম্পর্কিত পাঠটি নিয়ে আলোচনা করছিলেন। পৃথিবীতে যখনই দুষ্ট লোকের কুপ্রভাবে ধর্মের গ্লানি ও অধর্মের উত্থান ঘটে যখন সজ্জনদের রক্ষার্থে এবং দূর্জনদের বিনাশর্থে অবতার আবির্ভূত হন। এটাই ঘূর্নায়মান পৃথিবীর চিরচারিত নিয়ম।

ক) ভগবানের পূর্ণাবতার কে? ১

খ) অংশাবতার বলতে কী বোঝায়? ২

গ) শিক্ষক আনন্দ আচার্য্য কোন অবতরণের কথা আলোচনা করছিলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ) 'পবিত্রাণায় সাধূনাং বিনাশায় চ দুষ্কৃতাম। ধর্মসংস্থাপনার্থার সম্ভবামি যুগে যুগে'- পাঠ্যপুস্তকের আলোকে এর যথার্থতা নির্ণয় কর। ৪

৪। সৌমিত্র দশম শ্রেণির ছাত্র। সে এক সম্ভ্রান্ত ও ভদ্র পরিবারের ছেলে। কিন্তু ইদানিং লক্ষ করা যায় সে সময়মত বাড়ি ফিরছে না। পড়াশোনায় মন নেই। বখাটে ছেলেদের পাল্লায় পড়ে উশৃঙ্খল হয়ে পড়েছে। অবশেষে মা বাবা তাকে অবাঞ্চিত পথ থেকে ফিরিয়ে আনার চেষ্টা করেন।

ক) মাদকদ্রব্য কী? ১

খ) মাদকাসক্ত ব্যক্তির কী কী সমস্যা হতে পারে? ২

গ) সৌমিত্র কীভাবে এই নোংরা জগত থেকে ফিরে আসতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ) 'মাদকাসক্তের কারণে পারিবারিক ও সমাজিক বন্ধন শিথিল হয়ে যায়।' -তোমার পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫। ধনাঢ্য ব্যবসায়ী নরেশ বাবু টেক্সিযোগে অফিসে যাওয়ার সময় অনেক গুরুত্বপূর্ণ কাগজপত্রের ফাইলটি টেক্সিতে রেখে নেমে যান। অনেকক্ষণ পর চালক ফাইলটি দেখে বিস্মত হন। পরে ফাইলের উপরে থাকা মোবাইল নম্বরে ফোন করে চালক নরেশ বাবুকে ফাইলটি ফেরত দেন। এতে খুশি হয়ে নরেশ বাবু চালককে একটি টেক্সি কিনে দেন।

ক) ধর্মপথ কী? ১

খ) 'আত্মমোক্ষায় জগদ্ধিতায় চ'- উক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২

গ) টেক্সি চালকের আচরণে কোন গুনটি প্রকাশ পেয়েছে? ব্যখ্যা কর। ৩

ঘ) 'নরেশ বাবু জলদেবতারই প্রতিচ্ছবি'- মূল্যায়ন কর। ৪

৬। ধর্মশিক্ষক ক্লাসে সৎসাহস সম্পর্কে তিনটি বাক্য লিখতে বললে রুদ্র যা লিখেছিল তা হলো:

(১) সত্য ও ন্যায় প্রতিষ্ঠায় নিজেকে উৎসর্গ করার নাম সৎসাহস।

(২) সৎসাহসী ব্যক্তি সমাজ, দেশ ও জাতির অহঙ্কার।

(৩) সৎসাহস ধর্মের অঙ্গ।

ক) মানুষের প্রতি মানুষের যে ভালোবাসা তার নাম কী? ১

খ) তরণীসেন কেন রামের বিরুদ্ধে যুদ্ধ করেছিলেন? ২

গ) রুদ্রের লিখিত ১নং বাক্যের আলোকে সৎসাহসের ধারণা দাও। ৩

ঘ) রুদ্রের লিখিত ২ নং বাক্যটি বিশ্লেষণ কর। ৪

৭। নির্মল বাবু তার কর্মকান্ডের জন্য সমাজের সকলের নিকট অত্যন্ত সম্মানের পাত্র। তিনি নিজের জীবনের সর্বস্ব অন্যের জন্য দান করতে প্রস্তুত। তিনি নিরার্থকে বস্ত্রহীনকে বস্ত্র, তৃষ্ণার্থকে জল, বিপন্নকে আশ্রয় দিয়ে থাকেন। তিনি সেবা ত্যাগ কর্মে নিজেকে বিলিয়ে দিয়ে আদর্শ স্থাপন করেছেন।

ক) মহত্ত্বের উৎস কী? ১

খ) ধর্মগ্রন্থে কেন উপাখ্যান সন্নিবেশ বলা হয়েছে? ২

গ) উদ্দীপকে নির্মল বাবুব কর্মকান্ড মানুষের কোন গুনটিকে নির্দেশ করে? বর্ণনা কর। ৩

ঘ) "নির্মল বাবুর ত্যাগ  সেবার আদর্শ দৃষ্টান্ত"  মূল্যায়ন কর। ৪

**নিচের প্রশ্নগুলোর এক কথায় উত্তর দাও:** **৩০×১=৩০**

১। তরণীসেনের পিতার নাম কী?

২। রাজা রন্তিবর্মা কোন দেবতার ভক্ত ছিলেন?

৩। সৎসাহস কাকে বলে?

৪। ধর্মের বাহ্য লক্ষণ কয়টি?

৫। হিরণ্যকশিপু কে ছিলেন?

৬। নমস্কারের মাহ্যত্ম্য কোন গ্রন্থে বর্ণিত আছে?

৭। মাদকদ্রব্য কী?

৮। মৃত্যুর সময় বিবেকানন্দের বয়স কত ছিল?

৯। মীরাবাঈ কোথায় ইহলীলা সংবরণ করেন?

১০। ভারতীয় চিকিৎসা শ্বাস্ত্রের জনক কে?

১১। 'মতবিরোধ নয় সমন্বয় ও শান্তি' - এটি কার বাণী?

১২। কত বছর বয়সে শঙ্কর গুরুগৃহ থেকে ফিরে আসেন?

১৩। যোশী মঠ কোথায় অবস্থিত?

১৪। রত্নাকরকে বাল্মীকি নামে ভূষিত করেন কে?

১৫। কোনযুগে দশরথ অযোধ্যার রাজা ছিলেন?

১৬। কার  চক্রান্তে রাম চৌদ্দ বছরের জন্য বনে গেলেন?

১৭। রহস্য বিদ্যার অপর নাম কী?

১৮। প্রসিদ্ধ উপনিষদ কয়টি?

১৯। বাংলা রামায়ণ অনুবাদ করেন কে?

২০। বেদান্তের অপর নাম কী?

২১। সূর্য বংশের কুলগুরু কে ছিলেন?

২২। লঙ্কার রাজা কে ছিলেন?

২৩। 'বেদঃ অখিল ধর্মমূলম' - অর্থ কী?

২৪। মানুষের মূল্যবোধ সৃষ্টিতে কোন শিক্ষার গুরুত্ব অপরিসীম?

২৫। রাবণ সীতাকে কোন বনে বন্দি করেছিলেন?

২৬। ধার্মিকের প্রধান নৈতিক গুন কয়টি?

২৭। কোন অস্ত্রের আঘাতে তরণীসেনের মৃত্যু  হয়েছিল?

২৮। সুমিত্রার পুত্রদের নাম কী?

২৯। অষ্টাঙ্গ প্রণামের অপর নাম কী?

৩০। ধর্মাধর্ম নির্নয়ে তৃতীয় ভিত্তি কী?

পাঠ-মূল্যায়ণ পরীক্ষা-০২

শ্রেণি : দশম

বিষয় : খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা

সময়: ৩ঘন্টা

পূর্ণমান : ১০০

নিচের উদ্দীপকগুলো পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও : ৭০

১. সীমা লেখাপড়া করে। তার বাবা-মার ইচ্ছে সে বড় ডাক্তার হবে। কিন্তু সে মোটেই পড়াশোনায় মনোযোগী নয়। তাই রেজাল্ট ভালো না হওয়ার কারণে সে মেডিকেল পরীক্ষায় অংশগ্রহণ করতে পারল না। এমনকি পরবর্তীতে সে ভালো কোন প্রতিষ্ঠানেও ভর্তি হতে পারল না।

ক) পূর্ণতা লাভের জন্য কোন পথ সর্বোত্তম ? ১

খ) 'লোগোথেরাপি' বলতে কী বোঝ ? ২

গ) সীমার জীবনের ব্যর্থতার কারণ কী ? বর্ণনা কর। ৩

ঘ) জীবনে সফলতা লাভের জন্য সীমাকে কী কী করতে হবে তা বিশ্লেষণ কর। ৪

২. রিয়া হোস্টেলে থেকে পড়ালেখা করে। প্রতিদিন সকালে সে গীর্জায় যায়, হোস্টেলের নিয়ম-কানুন ঠিকমত মেনে চলে। একদিন সকালে গীর্জায় যাওয়ার সময় সে দেখতে পেল হোস্টেলের জন্য যে দিদি রান্না করে তার প্রচণ্ড জ্বর। তখন সে তার কাছে গিয়ে তাকে ঔষধ খাওয়ালো,মাথা ধুয়ে দিল। ধীরে ধীরে তাকে সুস্থ করে তুলল।

ক) যীশু বিভিন্ন এলাকায় ঘুরে কী প্রচার করতেন? ১

খ) সহিংসতার কুফল সম্পর্কে লিখ। ২

গ) রিয়ার মধ্যে সমাজ পরিবর্তনে খ্রিষ্টের দেখানো কোন দিকটির প্রকাশ ঘটেছে ? ব্যাখ্যা কর। ৩

ঘ) রীয়ার আচরণে প্রকাশ পেয়েছে যীশুর পথ অনুসরণ – কথাটি বিশ্লেষণ কর। ৪

৩. সোহান ও রোহান একই শ্রেণিতে পড়ে। কিন্তু তাদের দুজনের মধ্যে সম্পর্ক খুব একটা ভালো নয়। মাঝে-মধ্যে ছোট-খাটো বিষয় নিয়ে তাদের ঝগড়া-ঝাটিও হয়। হটাৎ একদিন রোহান শুনতে পেল যে সোহান দুর্ঘটনায় আহত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছে। তখন সে সোহানকে দেখতে হাসপাতালে ছুটে আসে। রোহানকে দেখে সোহান খুব খুশি হয় এবং সবকিছু ভুলে যায়।

ক) যীশু ক্রুশের উপর জীবন বিসর্জন দিয়ে মানুষের প্রতি কী প্রকাশ করেছেন? ১

খ) প্রাচীণকালে অন্যায্যতাকে সমাজ থেকে দূর করা সম্ভব হয় নি কেন? ২

গ) যীশুর কোন শিক্ষা রোহানকে প্রভাবিত করেছে ? ব্যাখ্যা কর। ৩

ঘ) রোহানের কর্মকাণ্ড সমাজে কী ধরনের পরিবর্তন আনতে পারে ? - মূল্যায়ণ কর। ৪

৪. মিটিং – বোমাবাজি
মিছিল ? নিখোঁজ ও গুম
ইপ্টিজিং – সন্দেহ

ক) শান্তি কী ? ১

খ) ন্যায্যতা বলতে কী বোঝায় ? ব্যাখ্যা কর। ২

গ) উপর্যক্ত তথ্যগুলো সমাজে কী ধরণের বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি করে ? বর্ণনা কর । ৩

ঘ) উদ্দীপকের তথ্যগুলো থেকে বেরিয়ে আসার একমাত্র অবলম্বন হলো ভালোবাসা –মূল্যায়ণ কর। ৪

৫. আনন্দপুর উচ্চ বিদ্যালয়টি একটি আদর্শ বিদ্যালয়। লেখাপড়ার জন্য এর যথেষ্ঠ সুনাম আছে। তাছাড়াও বিপদে-আপদে একে অন্যের পাশে দাঁড়ায় এবং দরিদ্রদেরও বিভিন্নভাবে সহায়তা করা হয়। বিদ্যালয়ের প্রত্যেকেই যেন একই পরিবারে বাস করছে।

ক) আধ্যত্মিক অর্থে সহিংসতা মানে কী ? ১

খ) শান্তি প্রতিষ্ঠায় শিক্ষার্থীদের ভূমিকা লেখ। ২

গ) উদ্দীপকের বিদ্যালয়টিতে কী বিরাজ করছে ? বর্ণনা কর। ৩

ঘ) উদ্দীপকের এ ধরনের পরিস্থিতি প্রতিষ্ঠায় সবার কী ধরনের ভূমিকা রয়েছে বলে তুমি মনে কর ? স্বপক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

৬. নোভা একজন বিশ্বাসী ঈশ্বর ভক্ত । শারীরিক, মানসিক ও আধ্যাত্মিক দিক থেকে খুবই দৃঢ়তা সম্পন্ন । সামান্য অসুস্থতায় ভেঙ্গে পড়েন না। তিনি বিশ্বাস করেন যে, রোগ-শোক এগুলো ঈশ্বরের দান। তাই তিনি এগুলোকে খুশি মনে গ্রহণ করেন এবং ধৈর্য্যের সাথে প্রতিহত করার চেষ্ঠা করেন। তিনি বিশ্বাস করেন, কষ্টের মধ্য দিয়ে ঈশ্বর মানুষের প্রতি তাঁর ভালোবাসাকে প্রকাশ করেন।

ক) মানুষের হয়ে কে সবচেয়ে বেশি কষ্ট স্বীকার করেছেন? ১

খ) দুঃখ-কষ্ট সবার জন্য অপরিহার্য কেন ? বর্ণনা কর । ২

গ) দুঃখ যন্ত্রণার ক্ষেত্রে নোভার মনোভাব ব্যাখ্যা কর। ৩
ঘ) ‘ নোভার মনোভাব যেন পিতরের শিক্ষারই নামান্তর ’ – বিশ্লেষণ কর। ৪

৭. জনের শৈশবকাল খুব সুন্দর। পড়ালেখাতেও খুব ভালো ছিল। কিন্তু হটাৎ কিছু অসৎ সঙ্গের প্রভাবে তার চরিত্র নষ্ট হয়ে যায়। সে বিভিন্ন ভাবে নেশাসক্ত হয়ে পড়ে এবং এক পর্যায়ে জটিল রোগ দ্বারা আক্রান্ত হয়। সুতরাং বলা যায় যে, নেশাই জনের জীবনকে ধীরে ধীরে ধ্বংস করে দিচ্ছে।
ক) বর্তমান বিশ্বে এইডস্ কী হিসেবে পরিচিত ? ১
খ) এইডস্ আক্রান্ত ব্যক্তি সমাজের ঘৃণার পাত্র কেন ? ২
গ) কোন শিক্ষাকে আয়ত্ব করে জন জীবন পরিচালনা করতে পারত – ব্যাখ্যা কর। ৩
ঘ) জন তার পথ থেকে ফিরে আসতে কী কী পদক্ষেপ নিতে পারে – মূল্যায়ন কর। ৪

নিচের প্রশ্নগুলোর এককথায় উত্তর দাও : ৩০
১. ‘স্বাধীনতা’ শব্দটি বুৎপত্তিগতভাবে কয়টি শব্দ থেকে আগত ?
২.‘স্বাধীনতার অনুপস্থিতি ’ – এর অর্থ কী ?
৩. মানুষের অদম্য ক্ষুদা ও আকাঙ্খা কী ?
৪. জীবনাহবান বলতে কী বুঝ ?
৫. কোন সাম সংগীতে অনুতাপের কথা বলা হয়েছে ?
৬. প্রার্থনাকে আত্মার খাদ্য বলা হয় কেন?
৭. বিশ্বাসপূর্ণ প্রার্থনার ফল কী?
৮. ঈশ্বর কীভাবে মানুষের সাথে কথা বলেন?
৯. অসুস্থতা মানব জীবনের কী নষ্ট করে ?
১০.মানুষ সব কিছু থেকে নিজেকে বিচ্ছিন্ন করে ফেলে কীসের কারণে?
১১.পাপ কী ?
১২. বাংলার সংস্কার কথাটির অর্থ কী?
১৩. খ্রিষ্ট-যাগ বলতে কী বলতে কী বোঝ ?
১৪. মানুষ ও ঈশ্বরের মধ্যে সেতু বন্ধন কে?
১৫. যুদ্ধ মানে পাপ কেন?
১৬. পুরাতন নিয়মে কষ্টভোগকে কেমন দৃষ্টিতে দেখা হতো ?
১৭. সাদু- সাধ্বীগণ কেন দুঃখ যন্ত্রণা সহ্য করেন ?
১৮. জাগতিক কষ্ট বলতে কী বোঝায় ?
১৯. প্রাকৃতিক দুর্যোগ বলতে কী বোঝায় ?
২০. সহিংসতার বিপরীত দিক কী ?
২১. শিক্ষার্থীরা শান্তি প্রতিষ্ঠায় কীভাবে ভূমিকা রাখবে ?
২২. আত্মবিশ্বাসের অর্থ কী ?
২৩. যীশু দরিদ্রদের কী বলে সম্বোধন করেছেন ?
২৪. যীশু বিবেক ও মূল্যবোধর শিক্ষা দিয়েছেন কেন ?
২৫. গান্ধীজী উপমহাদেশে কীসের জলন্ত উদাহরণ ?
২৬. যারা লক্ষ্যে পৌছতে পারে না তাদের ঝীবন কেমন হয়?
২৭. পূর্ণতার পথে কী বাধা হয়ে দাঁড়ায় ?
২৮. খ্রিস্টানুসারী হিসেবে আমাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ সত্য কী ?
২৯. ভিক্টর ফ্র্যাম্কল কোথায় জন্মগ্রহণ করেন ?
৩০. স্বাথকেন্দ্রিকতা মানুষকে কোন ধরনের কার্যকলাপে নিযুক্ত করে ?